

মাদ্রাসাশিক্ষক মোশারফ ক্লাস নেন না ১৬ বছর

মাদারীপুর প্রতিনিধি

৩ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৩ সেপ্টেম্বর ২০১৯ ০০:২৬



মাদ্রাসাশিক্ষক
আমাদের সময়

কালকিনি উপজেলার লক্ষ্মীপুর ইউনিয়নের কোলচরী দাখিল মাদ্রাসার শিক্ষক মোশারফ হোসেন তালুকদার দীর্ঘ ১৬ বছর ধরে মাদ্রাসায় ক্লাস না করে বেতন তুলে নিচ্ছেন বলে অভিযোগ পাওয়া গেছে।

জানা গেছে, ওই শিক্ষক বরিশালে জ্বালানি গ্যাসের ব্যবসা করছেন। তিনি মাঝে মধ্যে মাদ্রাসায় এসে হাজিরা খাতায় স্বাক্ষর করে মাদ্রাসা সুপার মাওলানা ফোরকান আহমেদকে ম্যানেজ করে চলে যান। বিষয়টি জানাজানি হলেও কর্তৃপক্ষ কোনো পদক্ষেপ নিচ্ছে না। এ নিয়ে এলাকায় জনমনে ক্ষোভ দেখা দিয়েছে।

এ ব্যাপারে জানতে চাইলে মোশারফ হোসেন তালুকদার জানান, তিনি তার পরিবর্তে অন্য একজনকে দিয়ে ক্লাস করান। বেতন তুলে তাকেই দিয়ে দেন।

স্থানীয়দের অভিযোগ, মোশারফ হোসেন তালুকদার ২০০৩ সালের মার্চে ওই মাদ্রাসায় শিক্ষক পদে যোগদান করেন। যোগদানের পর কয়েকদিন ক্লাস করেন। এর পর তিনি বরিশাল গিয়ে গ্যাসের ব্যবসা শুরু করেন। ওই থেকে আজ পর্যন্ত মাদ্রাসায় ক্লাস না করে মাসে মাসে এসে হাজিরা খাতায় স্বাক্ষর করে বেতন তুলে আবার চলে যান। বিষয়টি সাবেক ও বর্তমান উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অবগত আছেন। কিন্তু অজ্ঞাত কারণে তারা এখনো বিষয়টি গোপন রেখে তার বেতনশিটে নিয়মিত স্বাক্ষর করে বেতন উত্তোলনে সহায়তা করছেন বলে অভিযোগ উঠেছে।

মাদ্রাসার সহকারী সুপার আবদুল মান্নান জানান, তিনি এ বিষয়ে পরে কথা বলবেন। মাদ্রাসা সুপার মাওলানা ফোরকান আহমেদকে ফোন দিয়ে মোশারফের বিষয়টি জানতে চাইলে সাংবাদিক পরিচয় পেয়ে ‘আমি পরে কথা বলব’ বলে ফোন কেটে দেন।

কালকিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মাহাবুবুর রহমান জানান, শিক্ষক মোশারফ হোসেন অনিয়ম করায় তার বিল বন্ধ করে দেওয়া হয়েছিল। পরে তিনি মাদ্রাসা সুপারের কাছে আবেদন করায় তার বিল ছেড়ে দেওয়া হয়।

advertisement